# ২০২৫
# বাংলা
## (প্রোগ্রাম)
## স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স
### (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)
### ষষ্ঠ সেমেস্টার
### কোর্স কোড : BENG-G-SEC-T-4
### (আই. পি. এ, প্রুফ ও প্রবন্ধরচনা)
### [পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা প্রবর্তনের জন্য যে ‘ধ্বনিবিজ্ঞান—শিক্ষক-সংস্থা’ গড়ে উঠেছিল তা কবে এবং কোথায় গড়ে উঠেছিল?

খ) প্রুফ সংশোধনকালে যে দুটি মূল নিয়ম পালন করা আবশ্যক সেগুলি কী কী?

গ) সুভাষচন্দ্র বোস— এই শব্দদুটিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো।

ঘ) স্বনিম বলতে কী বোঝো?

(পরের পাতায়)

ঙ) প্রুফ সংশোধনকালে বাক্যের শেষে পূর্ণচ্ছেদ বসাতে এবং বাক্যাংশের শেষে উহ্য চিহ্ন যোগ করতে কোন্ কোন্ চিহ্ন ব্যবহার করতে হবে?

চ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার মূল নীতিদুটি কী কী?

ছ) ধ্বনি এবং বর্ণের মধ্যে পার্থক্য কী?

জ) সংশোধনী চিহ্ন হিসাবে ব্যবহৃত n.p এবং run on শব্দগুলি প্রুফ সংশোধনে কী কী বোঝাতে ব্যবহার করা হয়?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) নিম্নে প্রদত্ত বিষয়গুলির ক্ষেত্রে প্রুফ সংশোধনকালে কোন্ কোন্ চিহ্নের ব্যবহার করতে হবে লেখো:

ভাঙা হরফ বদল করতে হলে, দুটি শব্দের মধ্যে ব্যবধান কম করতে হলে, চিহ্নিত স্থানে ড্যাস যোগ করতে হলে, দুটি শব্দের মধ্যে হাইফেন যোগ করতে হলে, বাক্যটিতে কমা যোগ করতে হলে।

খ) তোমার প্রিয় একজন সাহিত্যিকের সাহিত্যপ্রতিভা সম্বন্ধেএকটি সংক্ষিপ্ত প্রবন্ধ লেখো।

গ) নিম্নে প্রদত্ত অংশটির প্রুফ সংশোধন করো :

তুমি মনে করেছিলে, মনিকে নিয়ে আমি সুখী হতে পারি নি, তাই তার উপর রাগ করতে। কিন্তু সুখ জিনিসটি ঐ তারাগুলির মতো অন্ধকারের ফাঁকে ফাঁকে দেখা দেয়। জীবনের ফাঁকে ফাঁকে কি সর্গের আলো জ্বলে নি। আমার যা পাবার তা পেয়েছি, কিছু বলবার নেই।



ঘ) নিম্নে প্রদত্ত অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো :

এখানেও খুব বেশিদিন জমলো না কাকার। কিছুদিন পরে আবার একবার রাতারাতি সিদ্ধান্ত করে সব বিক্রিবাট্টা করে দিলেন। দাঁইহাট জুনিয়র হাইস্কুলের পিছনে সস্তা দরে কিনেছিলেন একচিলতে জমি। সেখানে বসতি গড়ে হাট করতেন দাঁইহাট, ঘোলা, চিতলমারি, কামারখোলা, ক্ষীরনোলা হাটে। কুটেলির ব্যবসাটা মন্দ জমেনি কাকার।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) প্রুফ সংশোধনের প্রয়োজনীয়তা কী? গ্যালি প্রুফ বলতে কী বোঝো? প্রুফ সংশোধনের সময় অবশ্য পালনীয় কর্মগুলি কী কী? ৩+২+৫=১০

খ) 'ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র' এই বিষয়ের উপর একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো।

গ) সমাজ গঠনে ছাত্র-ছাত্রীদের ভূমিকা নিয়ে একটি নাতিদীর্ঘ আলোচনা কর।

ঘ) নিম্নে প্রদত্ত অংশটির আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো :

সমাধিমন্দির এক ঠাঁই রহে চিরস্থির,
ধরার ধূলায় থাকি
স্মরণের আবরণে মরণেরে যত্নে রাখে ঢাকি।
জীবনেরে কে রাখিতে পারে!
আকাশের প্রতি তারা ডাকিছে তাহারে।
তার নিমন্ত্রণ লোকে লোকে
নব নব পূর্বাচলে আলোকে আলোকে।

———————